NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Motor Vehicles

# রেজিস্ট্রেশন ও মালিকানার জন্য

## পরিচয়ের প্রমাণপত্র

এই ফর্মটি এখানে পাওয়া যায় dmv.ny.gov

## সাধারণ প্রয়োজনীয়তা

- আপনাকে অবশ্যই আপনার জন্মতারিখ এবং নামের প্রমাণপত্র প্রদান করতে হবে।
- আপনার নামের প্রমাণ প্রদান করার জন্য যে নথি প্রদান করবেন সেটি 6 পয়েন্টের হতে হবে।

*নিউ ইয়র্কের ফটো ড্রাইভার লাইসেন্স, লার্নার পারমিট, বা লাইসেন্স চলমান হলে কিংবা তার বৈধতা বাতিলের সময়সীমা 2 বছরের বেশি না হলে নন-ড্রাইভার আইডি কার্ড আপনার নাম **এবং** জন্মতারিখের প্রমানপত্রের প্রয়োজনীয়তা পূরণ করে। আপনার জন্ম তারিখের প্রমাণ এবং আপনার নামের প্রমাণের জন্য আপনি যে নথি দেখাতে পারেন তার তালিকা নিচের টেবিলে দেখুন।*

আপনাকে অবশ্যই আসল নথি বা নথি জারি করা এজেন্সির দ্বারা প্রত্যায়িত নথি প্রদান করতে হবে। প্রমাণ হিসেবে যে সব নথি দেখাবেন তাদের একটিতে আপনার সই থাকা আবশ্যক। DMV পরিবর্তন বা মুছে দেয়া হয়েছে এমন কোনো নথি গ্রহণ করবে না। ইলেক্ট্রনিক স্টেটমেন্ট এবং ই-বিল অবশ্যই ছাপানো হতে হবে।

রেজিস্ট্রেশন বা স্বত্বের জন্য আপনার আবেদন জমা দিতে DMV-তে কাউকে পাঠিয়ে থাকলে, সেই ব্যক্তিকে **অবশ্যই** আপনার আসল নিউ ইয়র্ক স্টেটের সচিত্র লাইসেন্স, পারমিট বা আইডি কার্ড **এবং** আপনার অতি সম্প্রতি জারি করা নিউ ইয়র্ক স্টেটের সচিত্র লাইসেন্স, পারমিট বা আইডি কার্ডের ফটোকপি দেখাতে হবে।

| **রেজিস্ট্রেশন ও মালিকানার পরিচয়ের প্রমাণপত্রের জন্য গ্রহণযোগ্য নথি**<br>মেয়াদ শেষ হওয়া নথি গ্রহণযোগ্য নয়, যদি না নিচের টেবিলে বিশেষ করে কিছু বলা থাকে। | **নামের প্রমাণপত্র অঙ্কের মান** | **জন্ম তারিখের প্রমাণপত্র?** |
|---|---|---|
| **নিউ ইয়র্ক স্টেটের সচিত্র ড্রাইভার লাইসেন্স/পারমিট/নন-ড্রাইভার আইডি কার্ড।** অবশ্যই চলমান অথবা 2 বছরের কম সময় আগে মেয়াদোত্তীর্ণ হতে হবে। | **6** | **হ্যাঁ** |
| পরিচয়ের DMV বিবৃতি এবং/অথবা পিতামাতা/অভিভাবকের থেকে বাসস্থানের (MV-45) - 21 বছরের নিচে হলে। একজন DMV প্রতিনিধির উপস্থিতিতে পিতামাতা বা আইনি অভিভাবকের সই করা হলফনামা। আরও তথ্যের জন্য MV-45 দেখুন। | **6** | না |
| পরিচয়ের DMV বিবৃতি এবং/অথবা বাসস্থানের বিবৃতি - সরকার বা সরকার অনুমোদিত কেন্দ্রের দ্বারা উপস্থাপিত আবেদনকারীদের জন্য (MV-45A)। আরো তথ্যের জন্য MV-45A দেখুন। | **6** | না |
| সংস্থা তৈরির প্রমাণ, অংশীদারিত্বের প্রমাণ, DBA ফাইলিং রসিদ (আরও বিশদ বিবরণের জন্য MV-82.1 দেখুন)। | 6 | না |
| ভিসাতে বৈধ I-551 স্ট্যাম্প বা বিবৃতি সহ বিদেশী পাসপোর্ট। পাসপোর্ট অবশ্যই ইংরেজীতে হতে হবে অথবা একটি দূতাবাস দ্বারা অনূদিত হতে হবে। | 4 | **হ্যাঁ** |
| যুক্তরাষ্ট্রের ভিসা ও বর্তমান I-94 সংযুক্ত বিদেশী পাসপোর্ট। পাসপোর্ট অবশ্যই ইংরেজীতে হতে হবে অথবা একটি দূতাবাস দ্বারা অনূদিত হতে হবে। দ্রষ্টব্য: যদি আপনার I-94-এ স্থিতি কোড A1, A2, G1 বা G3 হয় তাহলে আপনাকে আপনার গাড়ি রেজিস্টার করার জন্য স্টেট ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করতে হবে। | 4 | **হ্যাঁ** |
| মার্কিন যুক্তরাষ্ট্রের রাজ্য বিভাগ দ্বারা জারি পাসপোর্ট বা পাসপোর্ট কার্ড। অবশ্যই এখনকার হতে হবে। | 4 | **হ্যাঁ** |
| যুক্তরাষ্ট্রের মিলিটারি ফটো আইডি (কেবলমাত্র সক্রিয়, সংরক্ষিত এবং অবসরপ্রাপ্ত সমরকর্মীদের জন্য জারি করা) | 3 | **হ্যাঁ** |
| বিদেশীদের নাগরিকত্ব প্রদানের সার্টিফিকেট বা নাগরিকত্ব (N-550, N-560, N-561 এবং N-570) | 3 | **হ্যাঁ** |
| ছবি সহ কর্ম নিয়োগের অনুমোদন কার্ড (I-688B বা I-766) | 3 | **হ্যাঁ** |
| পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড (I-551) | 3 | **হ্যাঁ** |
| পুনঃপ্রবেশের পারমিট (I-327) | 3 | **হ্যাঁ** |
| শরণার্থী ভ্রমণের নথি (I-571) | 3 | **হ্যাঁ** |
| ছবি সহ নিউ ইয়র্ক স্টেটের বেনিফিট/Medicaid কার্ড | 3 | না |
| ছবি ছাড়া নিউ ইয়র্ক স্টেটের বেনিফিট/Medicaid কার্ড | 2 | না |
| ছবি ছাড়া নিউ ইয়র্ক স্টেটের অন্তর্বর্তী লাইসেন্স/পারমিট | 2 | না |
| নিউ ইয়র্ক স্টেট বা নিউ ইয়র্ক সিটি পিস্তল পারমিট | 2 | না |
| নিউ ইয়র্ক স্টেট প্রফেশনাল লাইসেন্স | 2 | না |
| নিউ ইয়র্ক স্টেটের রেজিস্ট্রেশনের নথি (গাড়ি বা নৌকা কেবলমাত্র) | 2 | না |

| রেজিস্ট্রেশন ও মালিকানার পরিচয়ের প্রমাণপত্রের জন্য গ্রহণযোগ্য নথি<br>মেয়াদ শেষ হওয়া নথি গ্রহণযোগ্য নয়, যদি না নিচের টেবিলে বিশেষ করে কিছু বলা থাকে। | নামের প্রমাণপত্র অঙ্কের মান | জন্ম তারিখের প্রমাণপত্র? |
|---|---|---|
| নিউ ইয়র্ক স্টেটের সার্টিফিকেট বা মালিকানা | 2 | না |
| যুক্তরাষ্ট্রের অন্য স্টেট, অধিক্ষেত্র বা দখল, বা কানাডিয়ান প্রদেশ বা অঞ্চল দ্বারা ইস্যু করা সচিত্র ড্রাইভার লাইসেন্স। অবশ্যই সাম্প্রতিক চলমান অথবা 2 বছরের কম সময় আগে মেয়াদোত্তীর্ণ হতে হবে। | 4 | **হ্যাঁ** |
| সেন্ট রেগিস মোহক উপজাতির ফটো আইডি কার্ড | 2 | **হ্যাঁ** |
| যুক্তরাষ্ট্রের মিলিটারি ডিপেন্ডেন্ট আইডি কার্ড | 2 | না |
| ছবি ও আনুষ্ঠানিক ট্র্যান্সক্রিপ্ট সহ যুক্তরাষ্ট্রের কলেজ আইডি কার্ড | 2 | না |
| মার্কিন যুক্তরাষ্ট্রের হাই স্কুলের রিপোর্ট কার্ড সহ ফটো আইডি অথবা অফিশিয়াল ট্রান্সক্রিপ্ট। | 2 | না |
| যুক্তরাষ্ট্রের বিবাহ বা বিবাহবিচ্ছেদের রেকর্ড অথবা আদালতের জারি করা নাম পরিবর্তনের ফরমান | 2 | না |
| মার্কিন যুক্তরাষ্ট্রের সামাজিক সুরক্ষা কার্ড | 2 | না |
| যুক্তরাষ্ট্রের কম্পিউটারে ছাপানো পে স্টাব (আপনার নাম থাকা আবশ্যক) | 1 | না |
| মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মীর ID কার্ড | 1 | না |
| যুক্তরাষ্ট্রের হাই স্কুলের ডিপ্লোমা অথবা জেনারেল একুইভ্যালেন্সি ডিপ্লোমা (GED) | 1 | না |
| যুক্তরাষ্ট্রের সুপারমার্কেট চেক ক্যাশিং কার্ড (আপনার সই ও আগে থেকে নাম ছাপানো থাকা আবশ্যক) | 1 | না |
| মার্কিন যুক্তরাষ্ট্রের ইউনিয়ন কার্ড | 1 | না |
| স্বাস্থ্য বিমা কভারেজের বর্তমান প্রমাণ দেখাতে স্বাস্থ্য বিমা কার্ড/প্রেসক্রিপশন কার্ড। | 1 | না |
| জীবন বিমা পলিসি (অন্তত 2 বছরের জন্য কার্যকরী) | 1 | না |
| নাম ও ঠিকানা থাকা ইউটিলিটি বিল। ইউটিলিটি বিল হল এমন একটি বিল যেখানে যে কোনও পুনরাবৃত্ত পরিষেবার (যেমন হোম বা সেল টেলিফোন বিল, বৈদ্যুতিক বিল, ট্র্যাশ বিল, পানি/জলের বিল) জন্য আবেদনকারীর নাম এবং ঠিকানা থাকে প্রতিজন আবেদনকারী পিছু একটি করে ইউটিলিটি বিল গ্রহণ করা হবে। | 1 | না |
| ভেটেরান্স ইউনিভার্সাল অ্যাক্সেস ফটো আইডি কার্ড | 1 | না |
| ফেডারেল বা নিউ ইয়র্ক স্টেটের আয়কর W-2 | 1 | না |
| যদি সেই **<u>একই</u>** আর্থিক প্রতিষ্ঠান দ্বারা জারি করা হয় তাহলে নিম্নলিখিত বিষয়ের মধ্যে **<u>একটি</u>** জমা দেয়া যেতে পারে:<br>• ব্যাংক স্টেটমেন্ট<br>• বাতিল করা চেক (আগে থেকে আপনার নাম ছাপানো)<br>• ক্যাশ কার্ড (ATM) (অবশ্যই আগে থেকে আপনার নাম ছাপানো ও স্বাক্ষর থাকতে হবে)<br>• বৈধ মুখ্য ক্রেডিট কার্ড | 1 | না |
| মার্কিন পুরসভার সচিত্র আইডি কার্ড | 1 | না |
| যুক্তরাষ্ট্রের বিদেশে জন্মের কনস্যুলারের আসল বা প্রত্যায়িত নথির কপি (FS-240, DS-1350, F-545) | 0 | **হ্যাঁ** |
| যুক্তরাষ্ট্রের বার্থ সার্টিফিকেট বা যুক্তরাষ্ট্রের অঞ্চলের বার্থ সার্টিফিকেট, যেটি স্বাস্থ্য পর্ষদ, ব্যুরো অফ ভাইটাল স্ট্যাটিসটিক্স বা যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট দ্বারা জারি করা ও নাম ও পদবি আছে। | 0 | **হ্যাঁ** |
| কানাডিয়ান DMV লার্নার পারমিট বা নন-ড্রাইভার আইডি কার্ড সহ কানাডিয়ান বার্থ সার্টিফিকেট | 0 | **হ্যাঁ** |
| বৈধ কানাডিয়ান পাসপোর্ট (INS নথি ছাড়া) | 0 | **হ্যাঁ** |
| ফেডারেল স্বীকৃত উপজাতি থেকে উপজাতি বার্থ সার্টিফিকেট, যেখান থেকে প্রমাণিত হয় যে জন্ম যুক্তরাষ্ট্রে হয়েছে। | 0 | **হ্যাঁ** |

**গুরুত্বপূর্ণ:** ভূয়া বিবৃতি অথবা কোন ভূয়া নথিপত্র জমা দিলে সেটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হতে পারে।

DMV কোন ক্ষতিগ্রস্ত বা বিকৃত নথিপত্র বা কোনও পরিবর্তিত বা ঘষামাজা করা নথিপত্র গ্রহণ করবে না। প্রতারণাপূর্ণ বলে মনে হতে পারে এমন নথি DMV বাজেয়াপ্ত করবে। যদি আপনি প্রতারণাপূর্ণ নথি জমা দেন তাহলে আপনাকে সেই অপরাধের শাস্তি পেতে হতে পারে।।